

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৭

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ইমাম হলেন যামিনদার আর মু'আযযিন হলেন আমানতদার।

باب مَا جَاءَ أَنَّ الإِمَامَ ضَامِنٌ وَالْمُؤَذِّنَ مُؤْتَمَنَّ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، وَأَبُو مُعَاوِيَةَ عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِح، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الإِمَامُ ضَامِنٌ وَالْمُؤَذِّنُ مُؤْتَمَنٌ اللَّهُمَّ أَرْشِدِ الأَئِمَّةَ وَاغْفِرْ لِلْمُؤَذِّنِينَ ". قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَسَهْلِ بْنِ اللَّهُمَّ أَرْشِدِ الأَئِمَّةَ وَاغْفِرْ لِلْمُؤَذِّنِينَ ". قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ رَوَاهُ سُفْيَانُ التَّوْرِيُّ وَحَفْصُ بَعْدَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ رَوَاهُ سُفْيَانُ التَّوْرِيُّ وَحَفْصُ بُنُ غِيَاثٍ وَغَيْرُ وَاحِد عَنِ الأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم. وَرَوَى أَسْبَاطُ بْنُ مُحَمَّدٍ عَنِ الأَعْمَشِ قَالَ حُدِّثْتُ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي صَالَى الله عليه وسلم. وَرَوَى أَسْبَاطُ بْنُ مُحَمَّدٍ عَنِ الأَعْمَشِ قَالَ حُدِّثْتُ عَنْ أَبِي صَالَى الله عليه وسلم.

বাংলা

২০৭. হান্নাদ (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন ইমাম হল যামিনদার আর মুয়াজ্জ্বীন হল আমানতদার। হে আল্লাহ ইমামকে সঠিক পথ প্রদর্শন করুন আর মুয়াজ্জ্বীনদের মাগফিরাত করুন। - মিশকাত ৬৬৩, ইরওয়া ২১৭, সহিহ আবু দাউদ ৫৩০, তিরমিজী হাদিস নম্বরঃ ২০৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই বিষয়ে আয়িশা, সাহল ইবনু সা'দ ও উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি সুফইয়ান ছাওরী, হাফস ইবনু গিয়াছ প্রমুখ রাবী আ'মাশ আবূ সালিহ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। আসবাত ইবনু মুহাম্মদও এই সূত্রে এটি বর্ণনা করেছেন। নাফি ইবনু সুলায়মান (রহঃ) এই হাদিসটি মুহাম্মদ ইবনু আবী সালিহ তদীয় পিতা আবূ সালিহ- আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ যুর'আ (রহঃ) কে বলতে শুনেছি যে, আবূ সালিহ কর্তৃক আবূ



হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত রিওয়ায়াতটি আবৃ সালিহ কর্তৃক আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত রিওয়ায়াতের তুলনায় অধিক সহীহ। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইমাম মুহাম্মদ আল বুখারী (রহঃ) বলতে শুনেছি যে, আবৃ সালিহ আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রটি অধিক সহীহ। আলী ইবনুল মাদীনী থেকে বর্ণিত আছে যে, তিনি এই হাদিসটির ক্ষেত্রে আবৃ সালিহ আয়িশা রাদিয়াল্লাহু আনহা এরং আবৃ সালিহ আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু এতদুভয় সূত্রের কোনটিই প্রমাণিত বলে মনে করেন না।

English

Abu Hurairah narrated that:

Allah's Messenger said: "The Imam is answerable and the Mu'adh-dhin is entrusted. O Allah! Guide the Imams and pardon the Mu'adh-dhins."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন